

নয়া দিগন্ত

ঢাকা, বৃহস্পতিবার ১৮ কার্তিক ১৪২৪, ২ নভেম্বর ২০১৭



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ভার্চুয়ালি 'মার্কেটিং সামুরাই' প্রতিযোগিতা অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে গতকাল অনুষ্ঠিত হয়েছে মার্কেটিং সামুরাই প্রতিযোগিতা। বাংলাদেশের জাতীয় পর্যায়ে মার্কেটিং প্রতিযোগিতাগুলোর মধ্যে এটি অন্যতম। এতে চ্যাম্পিয়ন ও প্রথম রানারআপসহ দু'টিতেই জয়লাভ করে আইবিএ ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিম 'রিকগনাইজ' ও 'হ্যাসটাগ' এবং দ্বিতীয় রানারআপ হয় নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের টিম 'ক্লিন স্টেট'। ইউনিভার্সিটির বিজনেস ক্লাবের উদ্যোগে ইউনিভার্সিটির নিজস্ব অডিটোরিয়ামে 'মার্কেটিং সামুরাই' প্রতিযোগিতায় উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভিসি প্রফেসর ড. এম রিজওয়ান খান অতিথি ছিলেন আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেডের মার্কেটিং প্রধান হিন্দল রায়, গ্রামীণফোনের মার্কেটিং ডিরেক্টর সুলাইমান আলম, ঢাকা ব্যাংক লিমিটেডের এফডিপি এবং কমিউনিকেশনস ও ব্র্যান্ডিং বিভাগের প্রধান খন্দকার আনোয়ার এহতেশাম, জেসিআই ঢাকা উত্তরের লোকাল প্রেসিডেন্ট দেলোয়ার হোসেন, ডাইরেক্টরেট অব স্টুডেন্ট অ্যাফেয়ার্সের পরিচালক মো: মঞ্জুরুল হক খান। অনুষ্ঠানের টাইটেল স্পন্সর ছিল স্পিড হেব্বি এনার্জি এবং প্রাইজম্যানি স্পন্সর ছিল ঢাকা ব্যাংক লিমিটেড। বিজ্ঞপ্তি।